



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার নং-০৬

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় সরকার ঘোষিত
আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ যথাযথ খাতে ব্যবহৃত না হয়ে কিছু কিছু ঋণ অনুৎপাদনশীল খাতে ব্যবহৃত হচ্ছে। এতদ্ব্যতীত কোন কোন ক্ষেত্রে উক্ত ঋণ দ্বারা ঋণগ্রহীতার বিদ্যমান অপর কোন ঋণের দায় সমন্বিত হচ্ছে। প্রণোদনা প্যাকেজের জন্য অনুসরণীয় নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা না হলে প্রণোদনা প্যাকেজের মূল উদ্দেশ্যই ব্যাহত হবে, যা কোনভাবেই কাক্ষিত নয়।

০২। এক্ষণে, কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় সরকার এবং বাংলাদেশ ব্যাংক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহের কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণে নিয়মিত মনিটরিং করা এবং প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ যাতে অনুৎপাদনশীল খাতে ব্যবহৃত না হয় সেলক্ষ্যে উক্ত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে যাচাইপূর্বক নিশ্চিত হওয়ার জন্যও আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮